দৈনিক জনকণ্ঠ

তারিখ ০3-SEP-1995
পৃষ্ঠা ৮ কলাম ৫

কোন্‌টি প্রাধান্য পাবে?

# গণিত ইংরেজী না বাংলা

নাটোর, ১ সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে কোন্ বিষয়টির গুরুত্ব সবচেয়ে বেশী— গণিত, ইংরেজী, নাকি রাষ্ট্রভাষা বাংলার? সম্প্রতি এই প্রশ্নটি দেখা দিয়েছে নাটোরের কিছু অভিভাবক ও সচেতন মহলে। আর এ প্রশ্নটির উদ্ভব হয়েছে শহরের বিভিন্ন বিদ্যালয়ের চলমান দ্বিতীয় সাময়িক পরীক্ষার রুটিনকে কেন্দ্র করে। নাটোরের দু'টি সরকারী বিদ্যালয়সহ বিভিন্ন বিদ্যালয়ে চলতি দ্বিতীয় সাময়িক পরীক্ষার রুটিন অনুযায়ী কোন কোন ক্লাসের পরীক্ষা শুরু হয় গণিত ও ইংরেজী দিয়ে। অথচ এ যাবত অনুষ্ঠিত এসএসসি ও এইচএসসি পরীক্ষার প্রেক্ষিতে জানা যায়, দেশের চারটি শিক্ষা বোর্ডের পরীক্ষার নিয়ম অনুসারে জাতীয় ভাষা বাংলাই হচ্ছে প্রথম বিষয়। বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত স্নাতক পরীক্ষার ক্ষেত্রেও বাংলার গুরুত্ব অগ্রগণ্য। অথচ নাটোরের শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরীক্ষা নেয়ার সময় কেন গণিত বা ইংরেজীকে প্রাধান্য দিচ্ছে? এ প্রসঙ্গে জেলা শিক্ষা অফিসারের দায়িত্বপ্রাপ্ত নাটোর সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল মাবুদ জানান, পরীক্ষা কক্ষে সকল ছাত্রছাত্রীর যদি একই বিষয়ে পরীক্ষা হয় তবে (বিশেষ করে নৈর্ব্যক্তিক অংশে) ছাত্রছাত্রীরা একে অপরকে সাহায্য করে, এটা রোধ এবং খাতা পরীক্ষণের সুবিধার্থে স্থানীয়ভাবে এ নিয়ম চালু করা হয়েছে চলতি বছর থেকেই।